



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০১.০৪.০০৪.২০১৩- ৫০৬

তারিখঃ ২২ মার্চ, ২০১৮।

যুগ্ম পরিচালক (সার)
বিএডিসি, টাঙ্গাইল।

বিষয়ঃ টাঙ্গাইল অঞ্চলের মির্জাপুরস্থ ২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনাদি ভাড়ার নবায়ন চুক্তি সম্পাদন প্রসঙ্গে।
সূত্রঃ আপনার দপ্তরের স্মারক নং-৩৫৫ তারিখঃ ১৬/০১/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল অঞ্চলের মির্জাপুরস্থ ২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনাদির ভাড়াটিয়া জনাব মোঃ বেলায়েত হোসেন খান এর অনুকূলে বিদ্যমান ভাড়া হতে কোনরূপ ভাড়া বৃদ্ধি না করে মাসিক ভাড়া ৭,৮৬৯/- টাকা ধার্য করে ১৫/০১/২০১৮ হতে ১৪/০১/২০১৯ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ভাড়া চুক্তি সম্পাদনের প্রশাসনিক আদেশ জারি করা হলো।

শর্তাবলিঃ

১. ভাড়াটিয়া কি কাজে গুদাম ব্যবহার করে তা চুক্তিপত্রে সন্নিবেশিত থাকতে হবে। তাছাড়া ভাড়াটিয়ার ব্যবসার ধরন কি ভাড়াটিয়াকে তারও প্রত্যয়ন পত্র দিতে হবে।
২. সংস্থা/ভাড়াটিয়ার প্রয়োজনে ৯০ (নব্বই) দিনের নোটিশে ভাড়াটিয়া বিনা শর্তে গুদাম ও স্থাপনা ছেড়ে দেয়ার কথা চুক্তিনামায় লিপিবদ্ধ থাকতে হবে।
৩. সরকারি নিয়মানুযায়ী গুদাম ভাড়ার উপর ভাড়াটিয়া ভ্যাট ও উৎসে কর পরিশোধের শর্ত চুক্তিপত্রে লিপিবদ্ধ থাকতে হবে।
৪. ভাড়াটিয়াকে নিজ খরচে গুদাম মেরামত করতে হবে। গুদাম মেরামত খরচ, এ উদ্দেশ্যে ব্যাংক লোন গ্রহণ, অন্যান্য মেরামতসহ গুদাম রক্ষণাবেক্ষণ ইত্যাদি কাজে ব্যবহৃত খরচ ভাড়াটিয়া দাবি করতে পারবে না মর্মে চুক্তিপত্রে প্রখ্যাপন করতে হবে।
৫. চেয়ারম্যান/কমিশনার প্রদত্ত ভাড়াটিয়ার নাগরিকত্ব সনদপত্র প্রদান করতে হবে।
৬. ভাড়ার টাকা পরিশোধ করার জন্য প্রয়োজনীয় আর্থিক সংগতি রয়েছে কিনা তা প্রমাণের জন্য ভাড়াটিয়ার আর্থিক স্বচ্ছলতা সংক্রান্ত সনদপত্র প্রদান করতে হবে।
৭. প্রতি ইংরেজি মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে ভাড়া আদায় করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভাড়া পরিশোধ না করলে ভাড়াটিয়ার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৮. সংশ্লিষ্ট যুগ্ম পরিচালক কর্তৃক সত্যায়িত ভাড়াটিয়ার ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি চুক্তিপত্রের সঙ্গে সংযুক্ত করে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, গুদাম ভাড়া, ভ্যাট, উৎসেকর ও অন্যান্য পাওনা আদায়পূর্বক নিয়মিত মাসিক প্রতিবেদন সার ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।
৯. চুক্তিপত্রে আরবিট্রেশনের বিষয়ে প্রখ্যাপন করতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত গুদাম ও স্থাপনার ০৬ (ছয়) মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ জামানত হিসাবে আদায়ের প্রমাণকসহ টাঙ্গাইল অঞ্চলের মির্জাপুরস্থ ২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও অন্যান্য স্থাপনাদির উল্লেখিত সময়ের নবায়ন চুক্তি সম্পাদনের নিমিত্তে শর্ত চুক্তিপত্রে প্রতিস্থাপনপূর্বক চুক্তিনামার খসড়া গ্রহণ করে সচিব, বিএডিসি, ঢাকা মহোদয়ের চূড়ান্ত স্বাক্ষরের জন্য যথাসময়ে সার ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

(আশুতোষ লাহিড়ী)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. জনাব মোঃ বেলায়েত হোসেন খান, পানকৌড়ী এপার্টমেন্ট-এ-১, ২০ চামেলীবাগ, শান্তিনগর, ঢাকা-১২১৭।

২. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

৩. অফিস কপি।